

## আপনার জন্য উপলভ্য আইনি সহায়তা

### পারিবারিক আইন:

#### লিগ্যাল এইড অন্টারিও

আইনজীবী নিয়োগে সমর্থ না হলে আপনি অন্টারিওতে আইনি সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন। এর মানে হলো, খরচ ছাড়াই কোনো আইনজীবী আপনার বিষয়ে আপনাকে সাহায্য করতে পারেন।

আপনি যোগ্য কিনা তা জানতে আপনি **1-800-668-8258** নম্বরে লিগ্যাল এইড অন্টারিও তে (Legal Aid Ontario) ফোন করতে পারেন বা <https://www.legalaid.on.ca/services/family-legal-issues/>-এ যেতে পারেন।

### দায়িত্বপ্রাপ্ত আইনি উপদেষ্টা বা ডিউটি কাউন্সেল

যাদের আইনজীবী নেই তাদের সাহায্য করার জন্য প্রতিটি আদালতে আইনজীবী রয়েছেন। এই আইনজীবীদের দায়িত্বপ্রাপ্ত আইন উপদেষ্টা বা ডিউটি কাউন্সেল বলা হয় এবং আপনার আদালতের দিনে আপনাকে আইনি পরামর্শ দেওয়ার জন্য তারা প্রস্তুত থাকবেন। তারা আপনাকে আপনার আইনি অধিকার এবং পরবর্তীতে করণীয় বিষয়ে পরামর্শ দেবেন। ডিউটি কাউন্সেল আদালতে আপনার প্রতিনিধিত্ব করতে পারবেন না কিন্তু আপনাকে দিক-নির্দেশনা প্রদান করতে পারবেন।

### পারিবারিক আদালত সহায়তা কর্মী

পারিবারিক হিংসার শিকার হলে এবং পারিবারিক আদালত প্রক্রিয়ার মধ্য দিয়ে গেলে আপনি পারিবারিক আদালত সহায়তা কর্মী থেকে সাহায্য পেতে পারেন। পারিবারিক আদালত সহায়তা কর্মী আপনাকে আদালতের প্রক্রিয়া সম্পর্কে তথ্য প্রদান করবেন এবং কমিউনিটির বিভিন্ন কার্যক্রম ও সহায়তার কথা জানাবেন। তারা আপনাকে নিরাপত্তা পরিকল্পনার ক্ষেত্রেও সাহায্য করতে পারেন এবং আপনার একা যাওয়া অনিরাপদ হলে আপনার সাথে আদালতে যেতে পারেন। আপনি এখানে আপনার এলাকার পারিবারিক আদালত সহায়তা কর্মী খুঁজে পেতে পারেন: <https://www.ontario.ca/page/family-court-support-workers#section-2>

## স্টেপস টু জাস্টিস

স্টেপস টু জাস্টিস হলো একটি ওয়েবসাইট যা সাধারণ আইনি সমস্যার বিষয়ে তথ্য প্রদান করে। এটি আপনাকে কী করতে হবে বা আপনার কী ধরনের সাহায্য প্রয়োজন সে সম্পর্কে ধারণা দেবে। স্টেপস টু জাস্টিস আইনি পরামর্শ প্রদান করে না। আপনি এখানে স্টেপস টু জাস্টিস ওয়েবসাইট দেখতে পারেন:  
<https://stepstojustice.ca/legal-topic/family-law/>

## বেসরকারি আইনজীবী

আইনি সমস্যায় পরামর্শ এবং সাহায্যের জন্য আপনি কোনো বেসরকারি আইনজীবীর সাথে যোগাযোগ করতে পারেন। অনেক বেসরকারি আইনজীবী বিনামূল্যে পরামর্শ প্রদান করেন এবং প্রায়ই তাদের পরিষেবার জন্য আপনার কত খরচ হবে সেটার আনুমানিক হিসাব প্রদান করেন।

## প্যারালিগাল

সাধারণত প্যারালিগালের খরচ আইনজীবীর চেয়ে কম। প্যারালিগালরা কিছু পারিবারিক আইনের বিষয়ে মক্কেলদের প্রতিনিধিত্ব করার জন্য লাইসেন্সপ্রাপ্ত। তারা প্রায়ই আপনাকে বিনামূল্যে পরামর্শ দিতে পারেন এবং আপনার কত খরচ হতে পারে সেটার আনুমানিক হিসাব দিতে পারেন।

## অভিবাসন:

### লিগ্যাল এইড অন্টারিও

পারিবারিক আইনের মতোই, আইনজীবী নিয়োগে সমর্থ না হলে আপনি আইনি সহায়তা পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।

আপনি যোগ্য কিনা তা জানতে **1-800-668-8258** নম্বরে অন্টারিও লিগ্যাল এইডে ফোন কল করতে পারেন বা <https://www.legalaid.on.ca/immigration-services/>-এ যেতে পারেন।

### আইনি ক্লিনিক

আইনজীবী নিয়োগে সমর্থ না হলে আপনি আইনি ক্লিনিক থেকে সাহায্য পেতে পারেন। অন্টারিও লিগ্যাল এইডের ওয়েবসাইট আপনাকে আপনার কাছাকাছি কোনো আইনি ক্লিনিক খুঁজে পেতে সাহায্য করতে পারে। সব আইনি ক্লিনিক অভিবাসন আইন নিয়ে কাজ করে না, তবে কিছু ক্লিনিক করে। আপনার

স্থানীয় আইনি ক্লিনিক খুঁজে পেতে এখানে যান: <https://www.legalaid.on.ca/legal-clinics/>

### বেসরকারি আইনজীবী

আপনার অভিবাসন বিষয়ে পরামর্শের জন্য আপনি কোনো বেসরকারি আইনজীবীর সাথে যোগাযোগ করতে পারেন। অনেক বেসরকারি আইনজীবী বিনামূল্যে পরামর্শ প্রদান করেন এবং প্রায়ই তাদের সেবার জন্য আপনার কত খরচ হবে সেটার আনুমানিক হিসাব প্রদান করেন।

### প্যারালিগাল

আপনি কোনো প্যারালিগালের কাছ থেকে আপনার অভিবাসন বিষয়ে আইনি পরামর্শ চাইতে পারেন। এটা সাধারণত আইনজীবীর চেয়ে কম ব্যয়বহুল হবে। প্যারালিগালরা প্রায়ই আপনাকে বিনামূল্যে পরামর্শ এবং আপনাকে কত টাকা দিতে হবে সেটার আনুমানিক হিসাব দিতে পারেন।

### নিয়ন্ত্রিত কানাডাবাসী অভিবাসন পরামর্শদাতা বা রেগুলেটেড কেনেডিয়ান ইমিগ্রেশন কন্সাল্ট্যান্ট (RCIC)

RCIC হলো কোনো লাইসেন্সপ্রাপ্ত পরামর্শদাতা যিনি আপনাকে আপনার পরিস্থিতির জন্য উপযুক্ত ভিসার উপায় প্রদান করবে। তারা আপনার হয়ে আবেদন জমাও দিতে পারেন। অভিবাসন পরামর্শদাতা খুঁজতে এখানে যান <https://college-ic.ca/protecting-the-public/find-an-immigration-consultant>

### স্টেপস টু জাস্টিস

স্টেপস টু জাস্টিস অভিবাসন বিষয়ক সাধারণ সমস্যা সম্পর্কে তথ্য প্রদান করতে পারে। পরবর্তীতে কী করতে হবে বা আপনার কী ধরনের সাহায্য প্রয়োজন এটা আপনাকে সে সম্পর্কে ধারণা দেবে। স্টেপস টু জাস্টিস আইনি পরামর্শ প্রদান করে না। আপনি স্টেপস টু জাস্টিস ওয়েবসাইটে যেতে পারেন এখানে:

<https://stepstojustice.ca/legal-topic/immigration/>